

পরিবার পত্র

প্রিয় ছাত্র/ছাত্রী বন্ধুরা এবং পরিবার পরিজনরা,

এই বছরের অংক শেখা আমরা শেষ করব সম্ভাব্যতা দিয়ে। সম্ভাব্যতা আপনাদের জানাবে যে স্টেট লটারিতে আপনাদের পক্ষে প্রথম পুরস্কার জেতা খুব একটা সম্ভব নয়। ধরা যাক আপনাদের ১ থেকে ৫৪-র মধ্যে যে কোনো ৬টি নম্বর বেছে নিতে হবে। লটারিতে প্রথম পুরস্কার জেতার জন্য সব নম্বরগুলিকেই যেমন-তেমনভাবে টানা ছটি নম্বরের সঙ্গে মিলে যেতে হবে। আপনাদের জেতার সম্ভাবনা ২৫,৮২৭,১৬৫ বারের মধ্যে ১ বার অথবা ০.০০০০০০০৪।

একটি ঘটনা যে ঘটবে তার সম্ভাব্যতা আমরা বোঝাই ০ থেকে ১ -এর মধ্যে একটি ভগ্নাংশ দিয়ে।

- কোনো ঘটনার সম্ভাব্যতা ০-র অর্থ সেটি ঘটবে না। (তাই স্টেট লটারির প্রথম পুরস্কার জেতার সম্ভাব্যতা প্রায় ০।)
- কোনো ঘটনার সম্ভাব্যতা ১-র অর্থ সেটি ঘটবেই।
- কোনো ঘটনার সম্ভাব্যতা $\frac{১}{২}$ বা ৫০% অর্থ সেটি ঘটতেও পারে নাও ঘটতে পারে।

উদাহরণ হিসাবে, যদি আবহাওয়াবিদরা বলেন আগামীকাল বৃষ্টি হবার সম্ভাবনা ৯০% তবে আপনাদের ছাতা নিয়ে বের হওয়াটাই উচিত, যদিও হয়ত বৃষ্টি নাও হতে পারে। যদি বৃষ্টি হবার সম্ভাবনা ১০% হয়, তবে বৃষ্টি না হওয়া সম্ভব।

এই অধ্যায়ে আপনারা আঙ্কিক যুক্তির সাহায্যে খুব সরল সম্ভাব্যতা হিসাব করতে শিখবেন যেমন একটি মুদ্রাকে টস করলে কী হবে বা একটি টুপির থেকে নাম টানা ইত্যাদি। আপনারা কিছু কিছু পরীক্ষাও করবেন যেখানে আপনারা মুদ্রা টস করবেন বা টুপি থেকে নাম টানবেন এবং সম্ভাব্যতা মিলিয়ে দেখবেন আপনাদের হিসাবের সঙ্গে।

শব্দাবলী এখানে আমরা যে নতুন শব্দগুলি শিখব তা হল :

সম-সম্ভাব্যতা

অনুকরণ

পরীক্ষামূলক-সম্ভাব্যতা

আনুমানিক সম্ভাব্যতা

সম্ভাব্যতা

আপনারা বাড়িতে কী করতে পারেন ?

দৈনন্দিন জীবনে সম্ভাব্যতার দিকে লক্ষ্য রাখুন, যেমন বৃষ্টির সম্ভাবনা বা খেলায় জেতা-হারার সম্ভাবনা। আপনারা আপনাদের ছাত্র/ছাত্রীদের উৎসাহিত করতে পারেন এরকম সম্ভাব্যতার বিভিন্ন খেলা খেলে। আপনাদের ছাত্র/ছাত্রীদের কাছ থেকে শিখুন তারা ক্লাসে কী খেলা খেলে এবং জিজ্ঞাসা করুন সম্ভাব্যতা এইসব ক্ষেত্রে কী ভূমিকা নেয়।

